# সাদা প্রজাপতি




লেখক: খায়রুল বাবুই
আঁকিয়ে: তৌফিক আহমেদ আনোয়ার

BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 1 6/19/23 08:18

সাদা মেঘ। মেঘ থেকে নামল এক সাদা প্রজাপতি।

তারপর উড়তে শুরু করল।





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 2 6/19/23 08:18

উড়তে উড়তে নদী পেরুলো। বন
পেরুলো,
মাঠ পেরুলো। হঠাৎ দেখল...





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 3 6/19/23 08:18

এক ঝাঁক রঙিন প্রজাপতি। ওদের গায়ে
জামা,
মাথায় টুপি। কাঁধে ব্যাগ, আর হাতে কলম।





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 4 6/19/23 08:18

সাদা প্রজাপতি ওদের কাছে গেল।
রঙিন প্রজাপতিদের দেখে অবাক হলো।
বলল, তোমরা এভাবে কোথায় যাও?





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 5 6/19/23 08:18



রঙিন প্রজাপতিরা বলল, আমরা স্কুলে যাই।
তুমি যাবে? সাদা প্রজাপতি বলল, হ্যাঁ,
আমিও যেতে চাই।





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 6 6/19/23 08:18

তখন এক রঙিন প্রজাপতি বলল, তোমার জামা কই? টুপি কই? ব্যাগ কই, কলম কই?





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 7 6/19/23 08:18

সাদা প্রজাপতি বলল, তাই তো! আমার জামা টুপি ব্যাগ কলম কিছুই নেই। এখন কী করা যায়?



সাদা প্রজাপতি এক বাজার দেখতে পেল। বাজারে অনেকেই কেনাকাটা করছে।





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 9 6/19/23 08:18

সাদা প্রজাপতি জামার দোকানে গেল।
দোকানদারকে বলল, তোমার কাছে
লাল জামা আছে?





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 10 6/19/23 08:18

দোকানদার বলল– এই নাও, লাল ফুলের লাল জামা। সাদা প্রজাপতি লাল জামা কিনল। তারপর...





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 11 6/19/23 08:18

টুপির দোকানে গেল।
দোকানদারকে বলল, তোমার কাছে
নীল টুপি আছে?





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 12 6/19/23 08:18

দোকানদার বলল, এই দেখ নীল পাঁপড়ির নীল টুপি। সাদা প্রজাপতি নীল টুপি কিনল। তারপর...





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 13 6/19/23 08:18

সে ব্যাগের দোকানে গেল।
দোকানদারকে বলল, তোমার কাছে
সবুজ ব্যাগ আছে?





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 14 6/19/23 08:18

দোকানদার বলল, এই যে সবুজ পাতার সবুজ ব্যাগ।
সাদা প্রজাপতি সবুজ ব্যাগ কিনল। তারপর...





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 15 6/19/23 08:18


গেল কলম কিনতে।
দোকানদারকে বলল, তোমার কাছে হলুদ কলম আছে?





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 16 6/19/23 08:18

দোকানদার বলল, কয়টা নেবে, একটা?
এই নাও হলুদ কলম। সাদা প্রজাপতি
হলুদ কলম কিনল।





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 17 6/19/23 08:18

এরপর নতুন সাজে উড়ে চলল স্কুলের দিকে। স্কুলটা কোথায় জানো? সূর্যমুখী ফুলের মাঠে প্রজাপতিদের স্কুল।





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 18 6/19/23 08:18

রঙিন প্রজাপতিদের পাশে গিয়ে বসল সাদা
প্রজাপতি। তারপর ফুলে ফুলে দুলে দুলে
পড়তে লাগল প্রজাপতিরা।





BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 19 6/19/23 08:18



BD-LLP-15-0005_Text_WhiteButterfly.indd 20 6/19/23 08:18